# Times Today BD

মো. নাঈম | দেশজুড়ে | 26 June, 2025

উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষার প্রথম দিনেই ঝালকাঠির নলছিটিতে মোবাইল ফোনসহ পরীক্ষার হলে প্রবেশের দায়ে ৯ শিক্ষককে দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।একই সঙ্গে অসদুপায় অবলম্বনের অভিযোগে তিন শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

বৃহস্পতিবার (২৬ জুন) বাংলা প্রথম পত্রের পরীক্ষা চলাকালে হদুয়া ফাজিল মাদ্রাসা কেন্দ্র ও নলছিটি সরকারি ডিগ্রি কলেজ কেন্দ্রে এ ঘটনা ঘটে।পরীক্ষা চলাকালীন হদুয়া মাদ্রাসা কেন্দ্রে পরীক্ষার্থীর কাছে মোবাইল ফোন পাওয়ায় দায়িত্বে অবহেলার অভিযোগে কেন্দ্রের ৩ শিক্ষককে অব্যাহতি দেওয়া হয় এবং ২ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।অপরদিকে, নলছিটি সরকারি ডিগ্রি কলেজ কেন্দ্রেও একই ধরনের ঘটনায় ৬ শিক্ষককে অব্যাহতি ও ১ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

এ বিষয়ে নলছিটি উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. নজরুল ইসলাম বলেন, “নকলমুক্ত ও সুষ্ঠুভাবে পরীক্ষা সম্পন্ন করার লক্ষ্যে আমরা শুরু থেকেই কঠোর অবস্থানে আছি।পরীক্ষার হলে মোবাইল সম্পূর্ণভাবে নিষিদ্ধ করা হয়েছে।কেন্দ্রের অভ্যন্তরে মোবাইল পাওয়া যাওয়ায় দায়িত্বে থাকা ৯ শিক্ষককে অব্যাহতি এবং ৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।” পরীক্ষা চলাকালীন অনিয়ম প্রতিরোধে প্রতিটি কেন্দ্রে ভ্রাম্যমাণ আদালতের তদারকি অব্যাহত থাকবে বলেও জানান ইউএনও।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 22:09

URL: https://www.timestodaybd.com/across-the-country/7758073766